# 7872 - একই বোতলে একাধিক ব্যক্তির ঝাড়ফুঁক করা

প্রশ্ন

যয়তুন তেলে ঝাড়ফুঁক করার ব্যাপারে আপনাদের মতামত কী? একই বোতলে কি একাধিক ব্যক্তি ঝাড়ফুঁক করতে পারেন?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। আয়াতে কারীমা বা দোয়া দরুদ পড়ে যে কোন পানিতে ঝাড়ফুঁক করতে কোন বাধা নেই। সেটা যমযমের পানি হতে পারে, জয়তুনের তেল হতে পারে। এরপর সে পড়া তেল রোগীকে ব্যবহার করতে হবে এবং একই বোতলে একাধিক ব্যক্তি ঝাড়ফুঁক করতে কোন অসুবিধা নেই।